Times Today BD

মঞ্জুরুল ইসলাম | রাজনীতি | 18 June, 2025

অন্তবর্তীকালীন সরকার প্রধানকে উদ্দেশ্যে করে ইসলামী আন্দোলন বাংলাদেশের আমীর মুফতী সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম বলেছেন, বিদেশে একটি দলের সাথে বসে বাংলাদেশের কোনো সিদ্ধান্ত পরিবর্তন করতে পারেন না।কেন এমন সিদ্ধান্ত নিয়েছেন দেশে এসে জাতীর কাছে ব্যাখ্যা দেয়ার দাবি করেছেন তিনি।

মঙ্গলবার (১৭ জুন) বিকালে ময়মনসিংহ নগরীর টাউন হলের তারেক স্মৃতি অডিটরিয়ামে ইসলামী আন্দোলন ময়মনসিংহ মহানগর ও সদর শাখার আয়োজনে কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমীর সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম বলেন, স্বাধীনতার ৫৪ বছর চলছে।এই সময়ে যাদের মাধ্যমে দেশটা চলেছে এদের মাধ্যমে আমরা তামাম দুনিয়ার মধ্যে চুরির দিক দিয়ে পাঁচবার ফাস্ট হয়েছি।দেশের মানুষ ৫৩ বছর আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টির দেশ পরিচালনা দেখেছে।নতুন ভাবে তারা আবার শাসন ক্ষমতায় বসলে কী করবে তা জাতীর আর জানার বাকি নাই। এখন যেহেতু পরিবর্তনের সময় এসেছে, সারা দেশ সফর করে দেখেছি এখন মানুষ চায় ইসলামকে রাষ্ট্রীয় পর্যায়ে ক্ষমতায় নিতে সকলের দাবি ইসলামী দল গুলো যদি একটি বাক্স পাঠায় তাহলে অন্যান্য গুম-খুনীরা, চাঁদাবাজ, টেন্ডারবাজ, বিদেশে টাকা পাচারকারীরা সুযোগ পাবে না।

সভায় ময়মনসিংহ-৪ (সদর) আসনে ইসলামী আন্দোলন ময়মনসিংহ মহানগর শাখার সভাপতি অধ্যাপক ডা. মো. নাসির উদ্দিনকে সম্ভাব্য এমপি প্রার্থী হিসেবে ঘোষণা করেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমীর সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম।

ময়মনসিংহ নগরের টাউন হলের তারেক স্মৃতি অডিটরিয়ামে ইসলামী আন্দোলন ময়মনসিংহ মহানগর ও সদর শাখার আয়োজনে কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন মহানগর কমিটির সভাপতি অধ্যাপক. ডা মো. নাসির উদ্দিন।আরও বক্তব্য রাখেন আসলামী আন্দোলনে জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব গাজী আতাউর রহমান, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জি.এম রুহুল আমীন, ময়মনসিংহ জেলা জামায়াতের আমীর আবদুল করীম প্রমুখ।

চরমোনাই

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:51